26 আগস্ট, 2020

প্রিয় পিতা-মাতাগণ/অভিভাবকবৃন্দ এবং পরিবারগণ,

21 আগস্ট তারিখে সেপ্টেম্বরে স্কুলে ফেরত আসা সম্পর্কে তথ্য সহ টিডিএসবির (TDSB) সকল পিতা-মাতাগণ/অভিভাবকবৃন্দের কাছে একটি চিঠি প্রেরণ করা হয়েছে এবং আজকে আমরা যে সকল পিতা-মাতা/অভিভাবকের বিশেষ শিক্ষা চাহিদাসম্পন্ন শিশু রয়েছে তাদেরকে অতিরিক্ত তথ্যাবলী প্রদান করার জন্য লিখছি।। আমরা জানি যে যখন আমরা টিডিএসবির স্কুলসমূহ খুলবো এবং কয়েক সপ্তাহের মধ্যে শিক্ষার্থীদের ফেরত আসার জন্য স্বাগত জানাবো তখন কী কী প্রত্যাশা করবেন সেই সম্পর্কে আরো জানার জন্য আপনারা উদ্বিগ্ন হয়ে রয়েছেন, তাই আমরা আপনাদের এটি সম্পর্কে বিস্তারিত হালনাগাদ প্রদান করতে চাইছি।

আমরা শুরু করার পূর্বেই, আপনাদের ধন্যবাদ জানাতে চাই যখন আমরা কর্মচারী ও শিক্ষার্থীদের নিরাপদে স্কুল এবং কর্মে ফেরত আসার জন্য প্রয়োজনীয় সমস্ত পরিকল্পনা করতে কাজ করে যাচ্ছি, এই সময়ে আপনাদের অবিরাম ধৈর্য্য ধরার জন্য। এটি একটি সহজ বা সরল প্রক্রিয়া ছিল না এবং আমরা সামনে এগিয়ে যাওয়ার পথে আপনাদের অবিরত বোঝাপড়া ও আস্থাস্থাপন করার জন্য আন্তরিকভাবে প্রশংসা করছি। অনুগ্রহ করে জেনে রাখুন যে সকল শিক্ষার্থী, কর্মচারী এবং পরিবারের নিরাপত্তা ও স্বাস্থ্য রক্ষা করে স্কুলে নিরাপদে ফেরত আসার জন্য কার্যকরভাবে পরিকল্পনা গ্রহণে আমরা যা যা করতে পারছি তা করছি।

টিডিএসবি প্রতিবন্ধীতাসমূহ সহ শিক্ষার্থীদের শিক্ষা, তথ্য-সম্পদ এবং সুযোগসমূহে ন্যায়সঙ্গত অধিগমন নিশ্চিত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং এটি কোভিড-19 বিশ্ব মহামারীর সময়ও সত্য হয়েই চলতে থাকবে। অনুগ্রহ করে অতিরিক্ত তথ্যের জন্য নিচে দেখুন যা বিশেষ শিক্ষা চাহিদা সম্পন্ন শিক্ষার্থীগণের জন্য বিশেষভাবে সুর্নিদিষ্ট।

বিলম্বিত শুরু: মঙ্গলবার, 15 সেপ্টেম্বর

স্কুলে ফেরত আসার জন্য তৈরী হতে প্রয়োজনীয় যে সময় প্রদান করা হয়েছে, তার জন্য টিডিএসবিকে স্কুলের প্রথমদিনটি (প্রাথমিক, মাধ্যমিক এবং ভার্চুয়াল স্কুলের জন্য) **মঙ্গলবার, 15 সেপ্টেম্বরে** সরিয়ে নিতে হয়েছে।

যদিও সকল শ্রেণীর প্রবেশ তিন দিন ধরে সামান্য সরিয়ে নেওয়া হবে, তবে ***বিশেষ শিক্ষা চাহিদা সম্পন্ন সকল শিক্ষার্থীর স্কুল মঙ্গলবার, 15 সেপ্টেম্বর শুরু হবে।*** এটি সকল সমবেত প্রাথমিক ও মাধ্যমিক স্থানসমূহ বা এলিমেন্টারি এন্ড সেকেন্ডারি কনগ্রিগেটেড সাইটসমূহ এবং ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিস ইন্টেনসিভ সাপোর্ট প্রোগ্রামস (আইএসপি - ISP)-এর শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করবে যেগুলো মাধ্যমিক স্কুলসমূহে অবস্থিত। বিশেষ শিক্ষা চাহিদা সম্পন্ন শিক্ষার্থীগণ যাদের স্কুলে যাতায়াতের জন্য বাস প্রদান করা হবে তাদের জন্যও শুরুর তারিখটি 15 সেপ্টেম্বরই হবে।

মাস্ক/ফেইস কাভারিং গাইডলাইনস (Mask/Face Covering Guidlines)

যদিও সকল শিক্ষার্থী এবং কর্মচারীকে টিডিএসবি ভবনসমূহ ও স্কুল বাসসমূহে মাস্ক/মুখমণ্ডলে আচ্ছাদন পরিধান করতেই হবে, তারপরও আমরা মেনে নিয়েছি যে আমাদের কিছু কিছু শিক্ষার্থীর চিকিৎসা সংক্রান্ত, জ্ঞানেন্দ্রীয় সংক্রান্ত বা অন্যান্য কারণসমূহের জন্য অব্যাহতির প্রয়োজন হবে। পিতা-মাতাগণ/অভিভাবকবৃন্দকে মাস্ক/মুখমণ্ডলের আচ্ছাদন সম্পর্কিত কোনো অব্যাহতি বা সমন্বয়সাধনের প্রয়োজন হলে সরাসরি স্কুলসমূহের সাথে আলোচনা করার জন্য অনুরোধ করা হচ্ছে।

আমাদের অকুপেশনাল হেলথ এন্ড সেইফটি দলটি আমাদের কর্মচারীগণ এবং শিক্ষার্থীগণ যাদের এগুলো প্রয়োজন তাদের জন্য স্বচ্ছ মাস্ক কিনতে কাজ করছে। মাস্ক/মুখমণ্ডলের আচ্ছাদন সম্পর্কিত অতিরিক্ত তথ্য পিতা-মাতাগণ/অভিভাবকবৃন্দের সাথে শীঘ্রই ভাগ করে নেওয়া হবে বা শেয়ার করা হবে।

শিক্ষণের মডেলসমূহ (Learning Models)

প্রাথমিক

আইএসপি কর্মসূচির (গিফটেড প্রোগ্রাম বাদে) ওপর নির্ভর করে এলিমেন্টারি স্পেশাল এডুকেশন ইন্টেনসিভ সাপোর্ট প্রোগ্রামসমূহের (আইএসপি - ISP) শ্রেণীগুলো 6-16 জন শিক্ষার্থীর মধ্যে সীমাবদ্ধ থাকবে। শিক্ষার্থীগণ প্রতি সপ্তাহে 5 দিন করে স্কুলে উপস্থিত থাকবেন, অবকাশ ও মধ্যাহ্ন-ভোজনের সময় সহ পূর্ণ দিবসের জন্য একটি দল/গ্রুপে।

এটি আমাদের ছয়টি প্রাথমিক সমবেত স্থানসমূহ বা এলিমেন্টারি কনগ্রিগেটেড সাইটসমূহকে অন্তর্ভুক্ত করবে: বেভারলি স্কুল, লুসি ম্যাককরমিক সিনিয়র স্কুল, পার্ক লেইন পাবলিক স্কুল, সেনেকা স্কুল, সানি ভিউ জুনিয়র এন্ড সিনিয়র পাবলিক স্কুল এবং উইলিয়াম জে ম্যাককোরডিক।

আমরা জানি যে কিছু কিছু শিক্ষার্থী শারীরিক দূরত্ব সর্বাধিক কার্যকর� করাতে সাহায্য করা সহ বর্ধিত স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত বিধিমালা বা প্রটোকলসমূহ স্থাপন করার ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হতে পারেন। এই উদ্বেগগুলো আলোচনা করতে স্কুলসমূহ এই সময় শিক্ষার্থীগণ ও কর্মচারীগণকে সাধ্যমত সাহায্য করার কৌশলগুলো অন্বেষণ করার জন্য পরিবারবৃন্দ এবং স্পেশাল এডুকেশন এন্ড ইনক্লুশন কনসালটেন্টদের সাথে কাজ করবে।

মাধ্যমিক (9ম শ্রেণী থেকে 12শ শ্রেণী পর্যন্ত)

সেকেন্ডারি স্পেশাল এডুকেশন ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিস (ডিডি- DD) ইন্টেনসিভ সাপোর্ট প্রোগ্রামসমূহের (আইএসপি - ISP) শ্রেণীগুলো 10 জন শিক্ষার্থীর মধ্যে সীমাবদ্ধ থাকবে। যেহেতু তাদেরকে দল হিসেবে গ্রুপ বা দলবদ্ধ করে দেওয়া হবে শিক্ষার্থীগণ প্রতিদিন স্কুলে উপস্থিত হতে পারবেন এবং তারা বিশেষ শিক্ষার সমস্ত ক্লাশ একসাথে নিতে পারবেন। শিক্ষার্থীগণ সেমিস্টার মডেলটি অনুসরণ করবেন।

ইন্টিগ্রেশন (গিফটেড সহ) সহ আইএসপি শ্রেণীগুলোর মাধ্যমিক শিক্ষার্থীগণ যাদের বিশেষ শিক্ষার ক্লাশসমূহ ও নিয়মিত স্কুলের কোর্সসমূহে সাধারণ সময়সূচি নির্ধারিত তারা তাদের সমকক্ষদের সাথে চলমান একত্রীকরণ নিশ্চিত করার জন্য কোয়াডমেস্টার বা চার-সেমিস্টার সম্পন্ন সময়সূচির সেকেন্ডারি স্কুল মডেলটি অনুসরণ করে স্কুলে যোগ দেবেন।

মাধ্যমিক আইএসপি 6-16 জন শিক্ষার্থীর মধ্যে সীমাবদ্ধ থাকবে। শিক্ষার্থীগণ একটি দল হিসেবে যোগ দিয়� বিশেষ শিক্ষার কোর্সসমূহ গ্রহণ করতে পারবেন। সাধারণত, এই আইএসপিসমূহ এমআইডি (MID), এলডি (LD), এএসডি (ASD), ডিএইচএইচ (DHH) এবং পিডিকে (PD) অন্তর্ভুক্ত করবে এবং তাদের সমকক্ষদের সাথে বিশেষ শিক্ষা নয় এমন বা নন-স্পেশাল এডুকেশন কোর্সসমূহের জন্য একত্রিত করা হবে। গিফটেড আইএসপি শ্রেণীগুলো 30 জন শিক্ষার্থীর মধ্যে সীমাবদ্ধ থাকবে এবং বিশেষ শিক্ষা এবং বিশেষ শিক্ষা নয় এমন শ্রেণীগুলোকে দুটি দলে বিভক্ত করা হবে। এটি স্কুলের চাহিদাসমূহের উপর ভিত্তি করেই স্থানীয়ভাবে পরিবর্তন হতে পারে।

ছয়টি সমবেত মাধ্যমিক স্কুলের স্থানসমূহ বা কনগ্রিগেটেড সেকেন্ডারি স্কুলের সাইটসমূহ যেখানে শিক্ষার্থীগণ উপস্থিত হতে পারবেন সেগুলো সেমিস্টার মডেলটি অনুসরণ করবে। সমবেত মাধ্যমিক স্কুলের স্থানসমূহ হচ্ছে সেন্ট্রাল ইটোবিকো হাই স্কুল, ডুইরি সেকেন্ডারি স্কুল, ফ্র্যাংক ওক সেকেন্ডারি স্কুল, ম্যাপলউড হাই স্কুল, স্যার উইলিয়াম ওসলার হাই স্কুল এবং ইয়র্ক হামবার হাই স্কুল।

ভার্চুয়াল স্কুল (কিন্ডারগার্টেন থেকে 12শ শ্রেণী পর্যন্ত)

যে সকল পিতা-মাতা তাদের শিশুদের বাড়ি থেকে শেখাতে চান তারা দূরবর্তী শিক্ষণ পদ্ধতি বা অপশনটি বেছে নিতে পারবেন। আরও তথ্যের জন্য, অনুগ্রহ কর⍰ ওয়েবসাইটটিতে যান। প্রাথমিক (Elementary) এবং মাধ্যমিক (Secondary)।

যদি পিতা-মাতাগণ/অভিভাবকবৃন্দ দূরবর্তী শিক্ষণ বা রিমোট লার্নিং দিয়ে শুরু করতে চান এবং পরে স্কুলে ব্যক্তিগত-উপস্থিতির শিক্ষণ বা ইন-স্কুল লার্নিংয়ে ফেরত আসার সিদ্ধান্ত গ্রহণ করেন, শিক্ষার্থীগণ তাদের আইএসপি স্থানটি হারাবেন না। শিক্ষাবর্ষটির সময় কিছু মূল তারিখগুলোতে ভার্চুয়াল স্কুলে বা ব্যক্তিগত-উপস্থিতির শিক্ষণে প্রবেশ করার সুযোগসমূহ থাকবে। প্রাথমিক এবং মাধ্যমিক সংক্রান্ত স্থানান্তর করার তারিখগুলো দেখুন। মনোনীত সময়ের বাইরে পরিবর্তনের প্রয়োজন হলে, ব্যতিক্রমসমূহ করা যেতে পারে এবং তা নির্দিষ্ট কেস বা পরিস্থিতির ভিত্তিতে প্রিন্সিপ্যালগণ দ্বারা পর্যালোচনা করা হবে।

স্কুলে ব্যক্তিগত-উপস্থিতির বা ভার্চুয়াল শিক্ষণের জন্য নিবন্ধন

এই সপ্তাহে, শিশুদের পিতা-মাতাগণ/অভিভাবকবৃন্দকে যারা সমবেত মাধ্যমিকের স্থানসমূহে উপস্থিত থাকবেন এবং ডিডি আইএসপির সকল শিক্ষার্থীকে ব্যক্তিগত-উপস্থিতি বা দূরবর্তী শিক্ষণে তাদেরকে নিবন্ধন করার অনুরোধ জানিয়ে একটি ইমেইল প্রেরণ করা হবে।

সকল পিতা-মাতা/অভিভাবকবৃন্দ, এমনকি যারা ইতোমধ্যেই এই মাসের শুরুতেই প্রাক-নিবন্ধন জরিপটি করেছেন তাদেরও এই নিবন্ধনটি সম্পন্ন করার মাধ্যমে শিশুদের নিবন্ধন নিশ্চিত করা প্রয়োজন।

ইমেইলটিতে প্রত্যেক শিক্ষার্থীর জন্য অনলাইন নিবন্ধন ফর্মের একটি অনন্য লিংক থাকবে এবং লিংকটি কাউকে শেয়ার করা যাবে না। যে সকল পিতা-মাতা/অভিভাবকের একাধিক শিশু রয়েছে তারা তাদের প্রত্যেক শিশুর জন্য একটি করে ইমেল পাবেন এবং প্রত্যেক শিশুর জন্য একটি পৃথক নিবন্ধন ফর্ম সম্পন্ন করতে হবে। 20টি ভিন্ন ভাষাতে অনলাইন নিবন্ধন ফর্মটি পাওয়া⍰ যাবে।

কেবলমাত্র যে সকল পিতা-মাতা/অভিভাবকের কোন ইমেইলের ঠিকানা বা ইমেল অ্যাড্রেস ফাইলে নেই বা যারা অনলাইনে নিবন্ধন ফর্মটি সম্পন্ন করবেন না তারা তাদের নির্বাচন করার ব্যাপারে নিবন্ধন সম্পর্কিত একটি টেলিফোন কল পাবেন। আরও তথ্যের জন্য এবং নিবন্ধনের বিভিন্ন বিকল্প বা ডিফারেন্ট রেজিস্ট্রেশন অপশনস সম্পর্কে জানার জন্য আমরা সকল পিতা-মাতা/অভিভাবককে টিডিএসবির ওয়েবসাইটটিতে যাওয়ার জন্য উৎসাহিত করছি।

বুধবার, 26 আগস্ট: সকল পিতা-মাতা/অভিভাবকের কাছে ইমেইলে প্রেরণ করা হবে এবং নিবন্ধন খোলা হবে
সোমবার, 31 আগস্ট: সমবেত স্থানসমূহ বা কনগ্রেগেটেড সাইটসমূহ এবং মাধ্যমিক ডিডি আইএসপি শিক্ষার্থীগণের জন্য নিবন্ধন বন্ধ হয়ে

যাবে

পরবর্তী পদক্ষেপসমূহ

আমরা আগামী দিনগুলোতে পরিবারদের অবহিত এবং হালনাগাদ করা চালিয়ে যাবো। আমরা আমাদের প্রসাশকগণ, এসইএসি রিটার্ন টু স্কুল সাব-কমিটি এবং স্টাফ রিটার্ন টু স্কুল স্পেশাল এডুকেশন এন্ড ইনক্লুশন সাব-কমিটির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা চালিয়ে যাবো এটি নিশ্চিত করার জন্য যে আমরা যাতে সমস্ত মতামত এবং বিবেচনাসমূহকে অন্তর্ভুক্ত করি। আমাদের স্কুলের স্বাস্থ্য এবং নিরাপত্তা বিষয়ক নির্দেশিকা (health and safety guidelines) সম্পর্কে ওয়েবসাইটে আরও জানুন।

এই গুরুত্বপূর্ণ কাজটি চলার সময় আমরা আপনাদের অবিরাম ধৈর্য্যের জন্য আপনাদের আবারো ধন্যবাদ জানাচ্ছি। অনুগ্রহ করে জেনে রাখুন যে প্রিন্সিপ্যালগণ স্কুলের সুনির্দিষ্ট তথ্যাবলী সরাসরি পরিবারগণের সাথে যত শীঘ্র সম্ভব জানানো শুরু করবেন। আমরা জানি যে আপনাদের অনেক প্রশ্ন ও উদ্বেগ রয়েছে এবং কর্মচারীগণ তাদের সাধ্যমত প্রয়োজনীয় তথ্য প্রদান করা ও আপনাদের অবহিত করা চালিয়ে যাবেন।

আমরা এটিতে একসাথে রয়েছি এবং কর্মচারীগণ, শিক্ষার্থীগণ ও পরিবারবৃন্দের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য আমরা সকলে একটি সাধারণ লক্ষ্যের ভাগীদার। স্কুলে ফেরত আসা যাতে সকলের জন্য যতটা সম্ভব স্বচ্ছন্দে হয় আমরা তাই চাই এবং এটি করার জন্য আমাদের একত্রে কাজ করা চালিয়ে যেতে হবে।

বিনীত,

কারলীন জ্যাকসন (Carlene Jackson)
শিক্ষা পরিচালক (Director of Education)

আলেক্স্যান্ডার ব্রাউন (Alexander Brown)
সভাপতি (Chair)